

আলাপন-এর শুভেচ্ছা সফর

বাংলাদেশ এসোসিয়েশন হিউষ্টন, আমেরিকা গত ১৮ই ডিসেম্বর আয়োজন করে বিজয় উৎসবের অনুষ্ঠান। অনুষ্ঠানে আমন্ত্রন জানায় জন মার্টিনের রচনা ও নির্দেশনায় নাটক, আলাপন এর দর্শক নদিত দ্বিতীয় প্রযোজনা ‘একটি সাধারণ গল্প’। আলাপন তাদের নাটক দিয়ে জয় করে এলো হিউষ্টনের দর্শকদের। নাটক শেষে দর্শকদের চেয়ার ছেড়ে দাঢ়িয়ে এক নাগাড়ে ১০ মিনিটের উষ্ণ হাততালি আর উচ্ছিত প্রশংসায় আপুত হয়েছে আলাপনের তিন নাট্যকর্মী ঝৰু, মৌসুমী এবং মার্টিন। নিঃশংকোচে সবাই উচ্চারণ করেছেন-নাটকের গুনগতমান, উপস্থাপনা, অভিনয় আর জোড়াল বক্তব্য। হিউষ্টনে ‘একটি সাধারণ গল্প’ নাটকটির ৮ম রজনী প্রদর্শিত হয়েছে।



নাট্যকথায় জন মার্টিন এবং মৌসুমী মার্টিন

কানাডার নাট্যপ্রেমীগন ২৭শে ডিসেম্বর এই নাট্যদম্পত্তিদের নিয়ে আয়োজন করেন এক সম্বর্ধনা এবং নাট্যকথার। টরেন্টোর বিভিন্ন জায়গা থেকে নাটক আর সংস্কৃতি কর্মী এসে যোগ দেন এই অনুষ্ঠানে। একটানা তিন ঘন্টার নাট্যকথায়-জন মার্টিন এবং মৌসুমী মার্টিন কথা বলেন নাটক, নাটক নিয়ে তাদের ভালবাসা, প্রবাসে নাট্য চর্চা আর শুন্দ এবং অশুন্দ চর্চার দ্বন্দ্ব নিয়ে।

বাংলাদেশ থিয়েটার টরেন্টোর কর্মীরা বলেন নাটক নিয়ে তাদের সংগ্রামের কথা। নাট্যকথায় মৌসুমী ‘একটি সাধারণ গল্প’ নাটকের একটি অংশ অভিনয় করে দেখান। আহমেদ অভিনয় করেন তাদের সাম্প্রতিক নাটকের একটি অংশ। ভিন্নধর্মী এই নাট্যকথায় যোগ দিয়েছিলেন বাংলাদেশ থিয়েটার টরেন্টোর সভাপতি হাবিবুল্লাহ দুলাল, নাট্যকার আঙ্গার হোসেন, বিশিষ্ট চারুকলা শিল্পী সৈয়দ ইকবাল, সাড়া জাগানো মৌলিবাদ বিরোধী ওয়েব সাইট জামাতে পিছলামির রূপকার-ফতেমোল্লা সহ আরো অনেকে।

অনুষ্ঠান শেষে এই নাট্য দম্পত্তিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান সভাপতি হাবিবুল্লাহ দুলাল এবং বাংলাদেশ সাংস্কৃতিক কেন্দ্রের অনন্ত আহমেদ। ফতেমোল্লা তার সারা জাগানো নাটক ‘নিঃশব্দ গনহত্যা’-র পাঞ্জুলিপি জন মার্টিনকে উপহার দেন। টরেন্টো থেকে প্রচারিত এটিএন বাংলা টেলিভিশনের



নাট্যকথার একাংশ

‘আমরা বাঙালী’ শীর্ষক অনুষ্ঠানের জন্য চারুশিল্পী সৈয়দ ইকবাল এই নাট্য দম্পত্তির সাথে লম্বা কথোপকথনের আয়োজন করেন। অনুষ্ঠানটি আগামী সপ্তাহে প্রচারিত হবে।